



মঙ্গলবার, ০৩ আগস্ট ২০২১, ১৯ শ্রাবণ ১৪২৮



## শিরোনাম

জাতীয়, ০৩ আগস্ট ২০২১, ১২:৪৪

বাসস (বাংলাদেশ সংবাদ সংস্থা)

জাতীয় বার্তা সংস্থা

সর্বসত্ত্ব সংরক্ষিত ২০২১ বাংলাদেশ সংবাদ সংস্থা

# প্রশিক্ষণ কর্মশালায় বক্তাদের কৃষি পণ্যের বিজ্ঞানভিত্তিক ঝুঁকি বিশ্লেষণের ওপর গুরুত্বারোপ



বাসস

দেশ-৫২

কৃষিজপণ্য-বালাই ঝুঁকি-প্রশিক্ষণ

প্রশিক্ষণ কর্মশালায় বক্তাদের কৃষি পণ্যের বিজ্ঞানভিত্তিক ঝুঁকি বিশ্লেষণের ওপর গুরুত্বারোপ

ঢাকা, ২ আগস্ট, ২০২১ (বাসস) : রাজধানীতে অনুষ্ঠিত এক ভারুয়াল প্রশিক্ষণ কর্মশালায় কৃষি পণ্যের বিজ্ঞানভিত্তিক ঝুঁকি বিশ্লেষণ ও পরিবর্তনশীল চলমান প্রক্রিয়ার প্রতি লক্ষ্য রাখার উপর গুরুত্বারোপ করা হয়েছে। এর পাশাপাশি কর্মশালায় ঝুঁকি বিশ্লেষণের বিষয়টি সঠিকভাবে জানা ও

প্রমাণভিত্তিক প্রয়োজনীয় তথ্যের প্রাপ্যতার উপর জোর দেয়া হয়।

আজ শুরু হওয়ার কৃষিপণ্য আমদানি-রপ্তানিতে উদ্ভিদের স্বাস্থ্য সম্পর্কিত বালাই ঝুঁকি বিশ্লেষণ সংক্রান্ত ৮ দিনের এই প্রশিক্ষণ কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর উর্ধ্বতন কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় অধ্যাপক, রিসার্চ ইনস্টিটিউট ও সীড ইন্ডাস্ট্রির বিজ্ঞানীসহ মোট ৪২ উর্ধ্বতন কর্মকর্তা জুম লিংকের মাধ্যমে অংশ নেন।

বাংলাদেশে 'বালাই ঝুঁকি বিশ্লেষণ (পিআরএ) : ঝুঁকি মূল্যায়ন, ঝুঁকি যোগাযোগ ও ঝুঁকি ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণের গুরুত্ব, এর কার্যকরী ক্ষমতা ও ট্রেনিং প্রক্রিয়া, পিআরএ এর কার্যকরী ক্ষমতার ও পিআরএ ইউনিট প্রতিষ্ঠার গুরুত্ব, বাংলাদেশে পিআরএ এর অবস্থান ও উত্তরণের উপায় সংক্রান্ত বিষয়সমূহ প্রশিক্ষণের প্রথমদিনে তুলে ধরা হয়।

ইউএসডিএ ও ইউএসএআইডি, মার্কিন যুক্তরাষ্ট্র এবং এপিএএআরআই (এশিয়া-প্যাসিফিক এসোসিয়েশন অফ এগ্রিকালচারল রিসার্চ ইনস্টিটিউশন্স), থাইল্যান্ড বিশেষভাবে উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়ের পরিচালক পর্যায়ের উচ্চ পদস্থ কর্মকর্তাদের এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে।

অন্যান্যের মধ্যে ডিএই -এর মহাপরিচালক (ডিজি) মো. আসাদুল্লাহ, ডিএই, প্লান্ট কোয়ারেন্টাইন উইং (পিকিউডব্লিউ) -এর পরিচালক আনোয়ার হোসেন, মো. শামসুল আলম প্রমুখ আলোচনায় পিআরএ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ তুলে ধরেন।

প্রশিক্ষণ ফ্যাসিলিটেশনসহ মূল বক্তা ছিলেন এপিএএআরআই এর সিনিয়র কনসালটেন্ট ড. কে এস ভরাপ্রসাদ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এপিএএআরআই এর নির্বাহী কার্যনির্বাহী ড. রবি খেতারপাল, ফিড দ্য ফিউচার (এফটিএফ) এর টিম লিডার মিস রেবেকা রবিনসন এবং ইউএসএআইডি এর ডেপুটি অফিস ডিরেক্টর মার্ক রোসম্যান প্রমুখ।

